18927

তারিখ 30 APR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক সংবাদ

# ভুয়া এডমিট কার্ড গাজীপুরে ৪ জনের পরীক্ষা বাতিল

তারাগঞ্জ (গাজীপুর), ২৯শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।- গাজীপুর জেলার কাপাসিয়া থানার ভাওয়াল চাঁদপুর এসএসসি পরীক্ষা কেন্দ্র থেকে ৪ জন পরীক্ষার্থীকে ভুয়া এডমিট কার্ডের জন্যে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হয়নি। নূরুল হাইস্কুলের সাবেক প্রধান শিক্ষক আবদুল হালিম ঐ ৪ জন ছাত্রছাত্রীর নিকট

পরীক্ষা ঃ পৃঃ ১২ কঃ ১

## পরীক্ষা ঃ বাতিল

( ১ম পৃষ্ঠার পর )

থেকে ৪০ হাজার টাকার বিনিময়ে তাদের পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয় বলে ঐ ৪ জন ছাত্রছাত্রী অভিযোগ করেছে। ঐ ৪ জন ছাত্রছাত্রী হচ্ছে ঃ বাচ্চু মিয়া, জুয়েল শিকদার, মোসলেহউদ্দিন ও নাজমুন নাহার বেগম। ঐ পরীক্ষা কেন্দ্রের সচিব ভুয়া এডমিট কার্ড দেখে তাদের এ পর্যন্ত দেয়া সকল পরীক্ষা বাতিল করেন। এ ব্যাপারে কেন্দ্র সচিব জানান, ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ রেজিষ্ট্রেশন সংশোধন করার জন্য গত ২৬শে এপ্রিল পর্যন্ত সময় দিয়েছিল। কিন্তু উক্ত সময়ের মধ্যে আবদুল হালিম পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর জাল করে এনে কেন্দ্র সচিবের নিকট জমা দেয়। উক্ত ঘটনা গতকাল শনিবার সাধারণ গণিত পরীক্ষা চলাকালে ধরা পড়লে ঐ ৪ জনকে পরীক্ষা দিতে দেয়া হয়নি।